


বাঁচা

নিঃশ্বাসে যখন তিক্ততা
দিশাহারা ক্রন্দন সীমাহীন আকাশে বাতাসে,
চুপিচুপি কার আহ্বান আসে, বারতা শোনায়
বাঁচার জীবনের, মুন্দর আসে এভাবেই।
শান্তি বর্নময়, নানান ভাবে নানান রূপে
যার যে ভাবে প্রত্যাশিত।

চরম ভাবে কোন ইচ্ছা যদি পর্যবেশিত অনিছায়,
ভেঙ্গে পড়া হেরে যাবারই সামিল, বোকামি
তার কারণে নিজেকে ধ্বংস করা।
এতে ভাল আসেনা, মন্দরা হয় উল্লসিত
জয়ী হ্বার আনন্দে।

সবাই বাঁচে সবাইকে কেন্দ্র করে,
নিজেকে নিয়ে নয়, সঁপে দাও সমস্ত মন-প্রাণ
যাদের প্রয়োজন তব।



১/৭/০৪
বেনু